বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

গণমানুষের ব্যাংক
ইমেইল: dcamlco@krishibank.org.bd
ফোন: ২২২৩৩৮৪৪৮৬

নং-প্রকা/এএমএল-আরএমডি-৪/ অপা-২(BAMLCO)/২০২৩-২৪/৩১১৫ তারিখ ঃ ১৩/০২/২০২৪

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক (বিভাগীয় মহাব্যবস্থাপকের মাধ্যমে)
০৪। সকল ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) মনোনয়ন প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিএফআইইউ সার্কুলার নং-২৬, তারিখ-১৬/০৬/২০২০ এর অনুচ্ছেদ নং-১.৩(৪) মোতাবেক-

"প্রতিটি শাখায় একজন অভিজ্ঞ কর্মকর্তাকে শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Branch Anti Money Laundering Compliance Officer-BAMLCO) হিসেবে মনোনীত করবে। উল্লেখ্য, শাখা ব্যবস্থাপক, শাখার দ্বিতীয় কর্মকর্তা অথবা জেনারেল ব্যাংকিং/ফরেন এক্সচেঞ্জ/ক্রেডিট ইত্যাদি বিভাগের দায়িত্বপ্রাপ্ত অভিজ্ঞ উর্ধ্বতন কর্মকর্তাকে শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা হিসেবে মনোনয়ন দিতে হবে। শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর সকল নির্দেশনা এবং ব্যাংকের নিজস্ব নীতিমালার বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মনোনয়নপত্রে তার কর্মপরিধি ও দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।"

০৩। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে, কোন কোন শাখায় ব্যাংকে নবনিয়োগপ্রাপ্ত/অনভিজ্ঞ কর্মকতা BAMLCO হিসেবে দায়িত্ব পালন করছেন ফলে বিএফআইইউ এর উল্লিখিত নির্দেশনা লঙ্ঘিত হচ্ছে। পাশাপাশি, শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

পরবর্তী পাতা/০২

০৪। এমতাবস্থায়, মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিএফআইইউ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে শাখার BAMLCO মনোনয়নপূর্বক কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) বরাবর প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২০/০২/২০২৪

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

<u>সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।